

বল্লভরুর শীতল ছায়া যে আমার গুরুচন্দ্র ।

এল দীনবন্ধু, কৃপাসিন্ধু, ঘুচে গেল সকল সন্দ' ॥

১। বিষয় বিষে অঙ্গ জ্বারা, ভবের মরুভূমে আছি' যারা,
ছুটে আয় রে ত্বরা ।

শান্তি প্রেমানন্দে ভরা, উদয় হলো জগচ্চন্দ্র ॥

২। ভবের বিষ-বৃক্ষেতে বেঁধে বাসা, কর্ণি কি মন সর্বনাশা
গেল সকল আশা ।

বিষ খেয়ে হয়েছে নেশা, বুঝলি না রে কপাল মন্দ ॥

৩। ভবের গাঙে পাড়ি দিয়ে, তুই রইলিরে কোন দিকে
চেয়ে, আপন মন ভুলায়ে ।

কেন আত্মভোলা দুষ্ট নেয়ে, হ'ল চোখ থাকিতে অন্ধ ॥


৪। যদি শীতল ছায়ায় যাবি, দয়াল গোপালচাঁদকে রাখ
রাজী, গুরুচাঁদকে ভাবি ।

অনায়াসে ছায়া পাবি, হৃদয়ে আনবে প্রেমামন্দে ॥

৫। মাধবচন্দ্র ডেকে বলে, সবে গেল সেই ছায়ার তলে,
মুখে হরি বলে ।

পাপের নেশায় মেতে ভুলে, কেবল যায় না মহানন্দ ॥

—মহানন্দ হালদার



গুরুচাঁদ তুমি কোথায় লুকা'লে ।

দেখা দাও হে প্রেমময় থেক না আর আড়ালে ॥